গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং - ৮৪০

তারিখ- ৩০/১১/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়- লাকসাম উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৬.১২.২০২২ খ্রিঃ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা এর সভাপতিত্বে উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়ে উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানীত সকল সদস্যগণকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

30/11/22

(সৈয়দ শাহিনুর ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
লাকসাম, কুমিল্লা।

জনাব ..............................................
..............................................
লাকসাম, কুমিল্লা।

## উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরনী ঃ-

**স্থান ঃ-** উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।

**তারিখঃ-** ০৬/১২/২০২২ খ্রিঃ সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা।

**সভাপতিঃ-** জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম ,কুমিল্লা।

**আলোচ্যসূচী ঃ-**

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। মাঠে চলমান কর্যক্রমের বর্তমান পরিস্থিতি।
৩। বোরো সমলয় আবাদ প্রসঙ্গে।
৪। সেচ নালা পাকাকরণ।
৫। বিবিধ

**উপস্থিত সদস্যগনের নাম, পদবী ও স্বাক্ষর ( স্বাক্ষরের ক্রমানুসারে)**

| | উপস্থিত সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব সৈয়দ শাহিনুর ইসলাম | উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা | স্বাক্ষরীত |
| ২ | জনাব নিজাম উদ্দীন শামীম | চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |
| ৩ | জনাব আবদুর রশিদ সওদাগর | চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |
| ৪ | জনাব মো: নজরুল ইসলাম | চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |

জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

**আলোচ্যসূচীঃ-০১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ-** সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন রুপ সংশোধন ছাড়াই বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

**আলোচ্যসূচীঃ-০২। মাঠে চলমান কর্যক্রমের বর্তমান পরিস্থিতিঃ-**

সদস্য সচিব সভায় জানান, মাঠে বর্তমানে রোপা আমন ধান কর্তন শূরু হয়েছে ফলন ভাল, বিভিন্ন রবি ফসল আবাদ চলমান। ৮৭০৫ হেক্টর জমিতে বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ইতোমধ্যে কৃষকদের নতুন জাত ও মান সম্পন্ন বীজ সংগ্রহের পরামর্শ দেয়া হচ্ছে লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশা করা যাচ্ছে। প্রণোদনার আওতায় লাকসাম পূর্ব ইউনিয়নের নরপাটি ব্লকে বোরো সমলয় আবাদের বিষয়ে উপকরণ বিতরণের তারিখ নির্ধারণ করা হয়। অধিক ফসল উৎপাদনে জন্য গুটি ইউরিয়া, জৈব সার ব্যবহার, সুষম সার ব্যবহার, পার্চিং ব্যবহার, লগো ব্যবহারসহ বিভিন্ন নতুন নতুন প্রযুক্তি প্রয়োগের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

**সিদ্ধান্তঃ-** রোপা আমন ধানের ফলন ভাল হওয়ায় উপজেলা কৃষি অফিসারকে ধন্যবাদ জানানো হয়। মাঠ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে কৃষকদের রবি ফসল ও বোরো ধান আবাদের প্রয়োজনীয় পরামর্শ অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। সর্বোপরি প্রণোদনার আওতায় সমলয় আবাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।

**আলোচ্যসূচীঃ-০৩। বোরো সমলয় আবাদ প্রসঙ্গেঃ-**

প্রণোদনার আওতায় লাকসাম পূর্ব ইউনিয়নের নরপাটি ব্লকে বোরো সমলয় আবাদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচীঃ-০৪। সেচ নালা পাকা করণঃ-**

সদস্য সচিব সভায় জানান লাকসাম উপজেলায় ৫৪টি গভীর নলকূপ ও ১৩৮০ টি অগভীর নলকূপ রবি মৌসুমে চালু হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সকল নলকূপের মাধ্যমে বোরো জমিতে সেচ প্রদান করা হয়ে থাকে। কাঁচা সেচ নালার মাধ্যমে সেচের পানি প্রায় ৩০% অপচয় হয়। সেচ নালা পাকা করণের মাধ্যমে ৩০% আবাদী জমি বৃদ্ধি করা সম্ভব। উপজেলা পরিষদের এডিবি তহবিলের কৃষি ও সেচ খাত থেকে বরাদ্ধের মাধ্যমে পর্যাক্রমে সেচ নালা পাকা করণের বিষয়ে পূর্বেও সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হলো নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ-** উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় গভীর ও অগভীর নলকূপের সেচ নালা পাকা করণের বিষয়টি উথাপনের জন্য সদস্য
সচিবকে অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেণ।

(মহব্বত আলী)
ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং- ৮৬০ তারিখঃ-০৬/১২/২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম,কুমিল্লা।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৪। ---------------------------------- সদস্য (সকল), উপজেলা কৃষি ও সেচ কমিটি, লাকসাম, কুমিল্লা।
০৫। সংরক্ষণ নথি।

06/12/22

(সৈয়দ শাহিনুর ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা।

লাকসাম উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মহব্বত আলী<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ ,লাকসাম | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব সৈয়দ শাহিনুর ইসলাম<br>উপজেলা কৃষি অফিসার<br>লাকসাম, কুমিল্লা। | সদস্য সচিব | স্বাক্ষরিত |